

৪৬ *Myam*

## গোমতাপুরে একই শিক্ষক দুই প্রতিষ্ঠানে কর্মরত

**প্রতিনিধি, গোমতাপুর (চাঁপাইনবাবগঞ্জ)**

চাঁপাইনবাবগঞ্জের গোমতাপুরে একই শিক্ষক দুই প্রতিষ্ঠানে অবৈধভাবে চাকরি করছেন বলে তথ্য পাওয়া গেছে। রহনপুর পিএম আইডিয়াল কলেজের জুগোল বিভাগের প্রদর্শক আল মোমিন ২০০১ সালের ১০ জুলাইয়ের নিয়োগপ্রাপ্ত হয়ে ২০০২ সালের জুলাই মাস থেকে সরকারি অংশের বেতন ভাতাদি ভোগ করে আসছেন। অপর দিকে একই ব্যক্তি ২০০৩ সালের নভেম্বর মাস থেকে প্রভাষক জুগোল পদে রহনপুর মহিলা কলেজ কুমিল্লা কর্মরত আছেন। তার এই অবৈধ কর্মকাণ্ড অবহিত করে ৬ সেপ্টেম্বর এলাকাবাসীর পক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে একটি অভিযোগপত্র দেয়া হয়।

এ ব্যাপারে রহনপুর পিএম আইডিয়াল কলেজের অধ্যক্ষ ডা. শহিদুল্লাহর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বিষয়টি সত্যতা স্বীকার করেন এবং বলেন, এ ব্যাপারে ওই ব্যক্তিকে কলেজ থেকে কোন লিখিত চাড়পত্র দেয়া হয়নি। একই বিষয় প্রসঙ্গে রহনপুর মহিলা কলেজের অধ্যক্ষ ওবাইদুল হকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনিও বিষয়টি সত্যতা স্বীকার করেন এবং কোন চাড়পত্র চাড়াই বশেষ কর্তৃপক্ষ আল মোমিনকে প্রভাষক জুগোল পদে নিয়োগ দেয় এবং বর্তমানে কর্মরত রয়েছেন।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে যোগাযোগ করলে তিনি সাংবাদিকদের জানান, শিক্ষা বিভাগে একই শিক্ষক দুই প্রতিষ্ঠানে চাকরি করার কোন নিয়ম নেই। কাজেই অবশ্যই এ কার্যক্রমটি অবৈধ। বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা নেয়া হবে। উল্লেখ্য, উপজেলার অন্যান্য কলেজেও এ ধরনের কার্যক্রম চালু আছে বলে জানা যায়।